



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩২০১২১৮৫৭১/জয়পুরহাট-৪০/৩৬০৪/২

তারিখ: ২০ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ  
০৪, জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া প্রসঙ্গে

- সূত্র: ১) নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩২০১২১৮৬৪১/জয়পুরহাট-৪০/৩৫৮৫/৩; তারিখ: ১৫/০৯/২০২০ খ্রি.  
 ২) উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৪৩৩৮.৪৭.০০০.০৫.২.২০-৮২৮; তারিখ: ১৩/১২/২০২০ খ্রি.  
 ৩) নং-বামাশিবো/প্রশা/ ২২৪১৯১২১৮৫৭১/২২৪৬০/নথি নং-৭১; তারিখ: ০৯/১২/২০১৯ খ্রি.  
 ৪) নং-বামাশিবো/প্রশা/ জয়পুরহাট-৪০/ ৩৫৯৯/৩/; তারিখ: ২৯/১২/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জয়পুরহাট জেলার সদর উপজেলাধীন পলিকাদোয়া মহিলা দ্বি-মুখী দাখিল মাদ্রাসার সভাপতির স্বেচ্ছারিতা এবং অনিয়মে বিরুদ্ধে ম্যানেজিং কমিটির ১০ (দশ) জন সদস্যর মধ্যে ০৮ (আট) জন সদস্য সুপার জনাব আ.ন.ম নূর হোসেন বরাবর পদত্যাগ দাখিল করেন। সুপার উক্ত পদত্যাগের কপিসহ অনলাইনে অভিযোগ দাখিল করেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ১নং স্মারকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, সদর, জয়পুরহাট-কে পত্র প্রেরণ করা হয়।

তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ২নং স্মারকে তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন। ম্যানেজিং কমিটির দাতা, অভিভাবক ও শিক্ষক প্রতিনিধিসহ মোট ০৮ (আট) জন সদস্যের পদত্যাগপত্র দাখিলের সত্যতা পাওয়া গেছে এবং তাদের পদত্যাগপত্র গ্রহণ করা যেতে পারে মর্মে তদন্তকারী কর্মকর্তা মতামত প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার মতামতের প্রেক্ষিতে সূত্রোক্ত ৩নং স্মারকের অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবেনা তার সন্তোষজনক জবাব প্রেরণের জন্য সূত্রোক্ত ৪নং স্মারকে মাদ্রাসা প্রধানকে কারণ দর্শানোর পত্র দেয়া হয়। নিয়মিত কমিটি ভেঙ্গে দিলে কোন আপত্তি থাকবেনা মর্মে মাদ্রাসা প্রধান কারণ দর্শানোর জবাবে উল্লেখ করেছেন।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং মাদ্রাসা প্রধানের কারণ দর্শানোর জবাবের প্রেক্ষিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/২২৪১৯১২১৮৫৭১/২২৪৬০/নথি নং-৭১; তারিখ: ০৯/১২/২০১৯ খ্রি. স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা বাতিল করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

মোঃ ওমর ফারুক ৪/১/২০২১

উপ রেজিস্ট্রার (প্রশাসন)  
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

সুপার/ভারপ্রাপ্ত সুপার, পলিকাদোয়া মহিলা দ্বি-মুখী দাখিল মাদ্রাসা  
পো: বানিয়াপাড়া, সদর, জয়পুরহাট।

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩২০১২১৮৫৭১/জয়পুরহাট-৪০/৩৬০৪/২

তারিখ: ২০ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ  
০৪, জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, জয়পুরহাট;
২. জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, জয়পুরহাট;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, জয়পুরহাট;
৫. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক ৪/১/২০২১

উপ রেজিস্ট্রার (প্রশাসন)  
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd